বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২
পোঃ ক্যাডেট কলেজ, বরিশাল
BARISAL PALLI BIDYUT SAMITY-2
ফোন ঃ অফিস ০২-৫৫০৬১৬১৮, অভিযোগ কেন্দ্র ০২-৫৫০৬১৬১১, ই-মেইল- barisalpbs2@gmail.com, ওয়েব সাইট-www.pbs2.barisal.gov.bd

স্মারক নং- ২৭.১২.০৬০৩.৫২৮.০২.০০৮.২৪. ৮৭৬ তারিখ- ২৬/০৫/১৪৩১ বঙ্গাব্দ। ১০/০৯/২০২৪ খ্রিঃ

# ঃ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি ঃ

বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২-এর লাইন টেকনিশিয়ান এর শূন্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্ত পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২ খ্রিঃ) ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান | ০৭ (সাত) জন (কম/বেশী) | ০১। এসএসসি বা সমমানের (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাস সহ এবং লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে চাকুরীকাল কমপক্ষে ১০ বছর হতে হবে।<br>০২। বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালন পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩। পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান প্রশিক্ষণ সমাপ্ত হতে হবে।<br>০৪। বৈদ্যুতিক লাইন, ষ্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণের জ্ঞান থাকতে হবে<br>০৫। জরুরী প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান এবং অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ থাকতে হবে।<br>০৬। অধীনস্থ লাইনক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>০৭। কম্পিউটার পরিচালনা সম্পর্কে জ্ঞান কাম্য।<br>০৮। পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী প্রার্থীর লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং অবশ্যই নূন্যতম ৩.৫০ থাকতে হবে।<br>০৯। পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্ত সমূহ পূরণ হতে হবে। |

**শর্তাবলী ঃ-**

০১॥ আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) ধর্ম (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ও (ঞ) লাইনম্যান গ্রেড-১ পদে যোগদানের তারিখ ও নিয়মিতকরণের তারিখ ইত্যাদি উল্লেখ পূর্বক জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্র সহ আগামী ২৩/০৯/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১-০০ ঘটিকায় বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পোঃ ক্যাডেট কলেজ, বরিশাল এ যথাযথ স্বাস্থ্য বিধি মেনে স্ব শরীরে উপস্থিত হয়ে নিবাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। আবেদন পত্রে নিম্নোক্ত কাগজ পত্র / দলিলাদি সংশ্লিষ্ট এজিএম (মানব সম্পদ / প্রশাসন) কর্তৃক সত্যায়িত করতে হবে।

০২॥ <u>আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে।</u>

ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের ফটোকপি।
খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
গ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ণ প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।
ঘ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
ঙ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান / পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
ছ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (মূল ড্রাইভিং লাইনসেন্স সঙ্গে আনতে হবে)।
জ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।
ঝ) আবেদন পত্রের সহিত সিনিয়র জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার-এর সুপারিশ, বিনা আপত্তির সনদ এবং বিগত ০৫ বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে)-এর প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
ঞ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

চলমান পাতা-০২

০৩॥ **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না।**

ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন ;
খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন ;
গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন ;
ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন ;
ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন ;
চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত / ঘোষিত হয়েছেন ;

০৪॥ **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

ক) ৩০০-১৪ এ সংশ্লিষ্ট এর পদের " পদ বিবরনীতে " উল্লেখিত শর্তাদি পূরণ করতে হবে।
খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ এ উল্লেখিত বিধান / শর্তাদি পূরণ করতে হবে।
গ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২ খ্রিঃ) এর ধারা ৭,১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
ঘ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৫॥ নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি / পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

০৬॥ অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠ প্রার্থীকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।

০৭॥ পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। অত্র পবিস-এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা এবং অত্র সমিতির এলাকা পরিচালক / মহিলা পরিচালক বা কর্মকর্তা / কর্মচারীদের স্বামী / স্ত্রী বা রক্ত সম্পর্কীয় কাহারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন কওে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮॥ পবিস চাকুরী বিধির ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

০৯॥ ইতিপুর্বে অন্য কোন পবিস এর চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১০॥ পদোন্নতি প্রদানের ক্ষেত্রে ''পবিস চাকুরী বিধি (সংশোধিত-২০১২)'' এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ প্রতিপালন করা হবে।

১১॥ নির্বাচনী সাক্ষাতকারের উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২॥ "চলতি দায়িত্ব" থাকাকালীন সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১৩॥ বর্ণিত পদে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন না।

১৪॥ কোন কারণ দর্শানো ব্যতীত যেকোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কতৃক সংরক্ষিত।

১৫॥ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২০/০৩/২৪

(প্রকৌঃ মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়( বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থার অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার----------------পবিস-১/২/৩।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, বরিশাল।
০৭। জেলা প্রশাসক/পুলিশ সুপার, বরিশাল।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা---------------------------বরিশাল।
০৯। ডিজিএম, সদর-কারিগরী/আগৈলঝাড়া/গৌরনদী/উজিরপুর জোনাল অফিস, বপবিস-২।
১০। এজিএম (ওএন্ডএম), বানারীপাড়া সাব জোনাল অফিস, বপবিস-২।
১১। এজিএম (অর্থ-হিসাব/এম এস) বপবিস-২।
১২। এজিএম (আইটি), বপবিস-২ (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনা সহ)
১৩। নোটিশ বোর্ড, বরিশাল পবিস-২।
১৪। অফিস কপি/মাষ্টার কপি।
১৫। ওয়েব সাইট www.pbs2.barisal.gov.bd

২০/০৩/২৪

(প্রকৌঃ মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার